



এস ও এস হারম্যান মেইনার কলেজ ঢাকা

২০২৫ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এস ও এস হারম্যান মেইনার কলেজ ঢাকায় ২০২৫ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ৬৪ (চৌষট্টি) টি আসনে ডিজিটাল লটারীর মধ্যে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

ভর্তি পুরো প্রক্রিয়াটি স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হবে। ২০২৫ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন প্রক্রিয়া অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে।

আবেদনপত্র জমার পর নির্ধারিত তারিখ ও সময়সূচী অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে অভিভাবকদের উপস্থিতিতে ডিজিটাল লটারী অনুষ্ঠিত হবে।

শুধুমাত্র ডিজিটাল লটারীর মাধ্যমে নির্বাচিত শিশুরাই ১ম শ্রেণিতে ভর্তির জন্য বিবেচিত হবে।

আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য :

০১। ভর্তিচ্ছু শিশুর বয়স : ৫+ থেকে ৬ + বৎসর (শিশুর জন্ম ২০১৮ সালের ০১ জানুয়ারি থেকে ২০১৯ সালের ৩১ ডিসেম্বর - এর মধ্যে হতে হবে)

০২। ক) নিম্নলিখিত কোটা অনুযায়ী আসন নির্ধারণ করা হবে।

i)	ক্যাচমেন্ট এলাকা	৪০%	আসন সংখ্যা	-	২৬ টি
ii)	মুক্তিযোদ্ধা	৫%	আসন সংখ্যা	-	০৩ টি
iii)	শিক্ষা মন্ত্রণালয়	১%	আসন সংখ্যা	-	০১ টি
iv)	যমজ	৩%	আসন সংখ্যা	-	০২ টি
v)	সহোদর	২%	আসন সংখ্যা	-	০১ টি
vi)	সাধারণ (কোটার বাইরে)	৩৯ %	আসন সংখ্যা	-	২৫ টি
vii)	গরিব পরিবার	১০%	আসন সংখ্যা	-	০৬ টি
মোট আসন সংখ্যা					৬৪ টি

খ) আবেদনপত্রে ক্যাচমেন্ট এরিয়ার (মিরপুর থানা, কাফরুল থানা ও পল্লবী থানা) কোটার জন্য CQ, মুক্তিযোদ্ধা কোটার জন্য FQ, শিক্ষা মন্ত্রণালয়ের জন্য EQ, সাধারণ ছাত্র-ছাত্রীদের (কোটার বাইরে) জন্য GQ, জমজ ও সহোদর কোটার জন্য SQ এবং গরিব পরিবারের কোটার জন্য PQ উল্লেখ করতে হবে।

গ) সকল কোটায় আবেদন করার জন্য শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদের (অনলাইনে প্রদত্ত) সত্যায়িত কপি এবং পিতা-মাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি সহ স্ব-স্ব/প্রয়োজ্য ক্ষেত্রে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে :

- * CQ এর জন্য সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স এর সত্যায়িত কপি অথবা বাড়ির বিদ্যুৎ/পানি/টেলিফোন বিল এর সত্যায়িত কপি
- * FQ এর জন্য মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রদত্ত অনলাইন কপিসহ সনদপত্রের সত্যায়িত কপি
- * EQ এর জন্য শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ভর্তির ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের প্রত্যয়নপত্র
- * SQ এর জন্য i) সহোদর/সহোদরা শিক্ষার্থীর প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্রের ফটোকপি
ii) আবেদন পত্রে সহোদর/সহোদরা এবং যমজ শিক্ষার্থীর ক্ষেত্রে আলাদাভাবে যে কোনো একটি উল্লেখ করতে হবে।
- * GQ এর জন্য শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের (অনলাইনে প্রদত্ত) সত্যায়িত কপি এবং পিতা-মাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি
- * PQ এর জন্য অভিভাবকের আর্থিক অস্থচলতার স্বপক্ষে প্রয়োজনীয় সনদপত্র

৪৫

- ০৩। একজন শিক্ষার্থী শুধুমাত্র ১টি কোটায় আবেদন করতে পারবে
- ০৪। CQ, FQ, EQ, PQ তে উপযুক্ত শিক্ষার্থী না পাওয়া গেলে উক্ত আসন সমূহে GQ থেকে শিক্ষার্থী নির্বাচন করা হবে।
- ০৫। অনলাইনে ভর্তির আবেদন ফরম পূরণ : ১০ নভেম্বর (রবিবার) সকাল ০৯:০০ মিনিট হতে
২৩ নভেম্বর ২০২৪ (শনিবার) রাত ১২:০০ পর্যন্ত

আবেদন ফরম পূরণের লিংক : (soshgcdhaka.eabedon.com)

অনলাইনে ভর্তির আবেদন ফরম পূরণ করে পেমেন্ট পরিশোধ করতে হবে। অনলাইন থেকে প্রাপ্ত আইডি ও পাসওয়ার্ড এর মাধ্যমে আবেদন ফরম এবং প্রবেশপত্র ডাউনলোড করে নিজের কাছে রাখতে হবে যা যাচাই এর সময় প্রদর্শন করতে হবে।

০৬। ভর্তির আবেদন ফরমের মূল্য এবং সফটওয়্যার চার্জ : (২০০/-+১৫/-) = ২১৫/- (দুইশত পনেরো) টাকা।

০৭। ডিজিটাল লটারী অনুষ্ঠান এর তারিখ ও সময়সূচী প্রকাশ : ২৬ নভেম্বর ২০২৪ (মঙ্গলবার) দুপুর ১২:০০ ঘটিকা।

০৮। ডিজিটাল লটারী অনুষ্ঠান ও ফলাফল প্রকাশ : ২৮ নভেম্বর ২০২৪ (বৃহস্পতিবার)

লটারির মাধ্যমে প্রাথমিকভাবে নির্বাচিতদের ভর্তির পূর্বে সংশ্লিষ্ট কাগজপত্রসহ প্রয়োজনীয় যাচাই পূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।

ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কলেজ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। অনিবার্য কারণবশত উক্ত সময়সূচী পরিবর্তন হতে পারে এবং প্রতিষ্ঠানের নীতিমালা সরকার গৃহীত নীতিমালার অনুরূপ না হলে সরকারী সিদ্ধান্তের সাথে সঙ্গতি রেখে নীতিমালা পরিবর্তন করা হবে।

যে কোনো অসম্পূর্ণ ফরম বাতিল হিসেবে গণ্য হবে।

বিশেষ দ্রষ্টব্য :

- দরিদ্র পরিবারের মেধাবী শিক্ষার্থীরা সর্বোচ্চ ৭৫% পর্যন্ত টিউশন ও অন্যান্য ফি মওকুফ সুযোগ পাবে।
- প্রতিষ্ঠান ভর্তি সংক্রান্ত বিষয়ে কোন ধরনের আর্থিক লেনদেনের সাথে জড়িত নয়।
উক্ত ভর্তি সংক্রান্ত কার্যক্রমে কোনো অভিভাবক যদি কারো সাথে কোনো প্রকার আর্থিক লেনদেনে লিপ্ত হন তবে তিনি এর জন্য নিজে দায়ী থাকবেন। এর দায়-দায়িত্ব কলেজ কর্তৃপক্ষ নেবে না।
- যে কোনো অসম্পূর্ণ ফরম বাতিল হিসেবে গণ্য হবে।

অধ্যক্ষ

এস ও এস হারম্যান মেইনার কলেজ ঢাকা

ঢাকা, ০৪ নভেম্বর ২০২৪